**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/30/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর ক্যাথি হোকল সারাতোগা কাউন্টিতে $21 মিলিয়নের সাশ্রয়ী এবং সহায়তামূলক হাউজিং উন্নয়ন নির্মাণ শুরুর ঘোষণা করেছেন

***বলস্টোন শহরে নতুন 60 ইউনিটের ডমিনিক হলো অ্যাপার্টমেন্টে 30 জন আবাসিকের জন্য অন-সাইট সহায়তামূলক পরিষেবাসমূহ অন্তর্ভুক্ত থাকবে***

***দীর্ঘমেয়াদী ক্ষেত্রের কথা মাথায় রেখে ডিজাইন করা উন্নয়নের মধ্যে সমস্ত আবাসিকের জন্য ব্রডব্যান্ড Wi-Fi এর সুবিধা থাকবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ডমিনিক হলো অ্যাপার্টমেন্ট নির্মাণ শুরুর কথা ঘোষণা করেছেন, এটি $21 মিলিয়নের একটি সাশ্রয়ী এবং সহায়তামূলক হাউজিং উন্নয়ন, যা 60টি বাড়ি তৈরি করবে, যাতে সারাতোগা কাউন্টিতে বলস্টোন শহরে সহায়তামূলক পরিষেবা প্রয়োজন এমন 30 জন প্রাপ্তবয়স্কের জন্য সংরক্ষিত করা থাকবে।

"নিউ ইয়র্কে দ্রুততম গতিতে বৃদ্ধি পাওয়া অন্যতম কাউন্টি হল সারাতোগা কাউন্টি এবং ডমিনিক হলো অ্যাপার্টমেন্টের মাধ্যমে সাশ্রয়ী হাউজিংয়ের জন্য ক্রমবর্ধমান চাহিদা পূরণ করবে," **বলেছেন গভর্নর হোকল।** "একদিকে আমরা যখন মহামারিকে পরাজিত করে ঘুরে দাঁড়াচ্ছি, তখন আমার প্রশাসন এমন বিনিয়োগ জারি রাখছে যার মাধ্যমে নিউ ইয়র্কাররা নিরাপদ, সুরক্ষিত এবং দীর্ঘমেয়াদী হাউজিংয়ের সুবিধা পান, যাতে তারা নিজেদের পছন্দের কমিউনিটিতে সুখে-শান্তিতে এবং সফলভাবে জীবনযাপন করতে পারেন।"

এরিয়া মেডিয়ান ইনকামের 60 শতাংশের নিচে রোজগার করছে এমন পরিবারগুলির কাছে ডমিনিক হলো অ্যাপার্টমেন্ট সাশ্রয়ী হয়ে উঠবে। তিরিশটি অ্যাপার্টমেন্ট প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষণ করা থাকবে, যারা অন-সাইটে পরিষেবা পাবেন, যা সরবরাহ করবে RISE হাউজিং অ্যান্ড সাপোর্ট সার্ভিসেস। এছাড়া RISE পরামর্শমূলক ভূমিকায় CSD সহ প্রোজেক্টের ডেভেলপার।

18টি সহায়তামূলক ইউনিটের জন্য পরিষেবা এবং রেন্টাল সাবসিডির জন্য এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ অর্থ প্রদান করবে এবং 12টি সহায়তামূলক ইউনিট নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ অর্থ প্রদান করবে। OMH 18টি ESSHI ইউনিটের জন্য পরিচালনা করার খরচ সাপেক্ষে বছরে $416,000 প্রদান করছে, সর্বোপরি 12টি সহায়তামূলক ইউনিটের জন্য বছরে $477,000 প্রদান করছে।

ডমিনিক হলো অ্যাপার্টমেন্ট এমনভাবে ডিজাইন করা হয়েছে যে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির লো-রাইজ নিউ কনস্ট্রাকশন প্রোগ্রাম এবং EPA এর ENERGY STAR সার্টিফায়েড হোমস প্রোগ্রাম ভার্সন 3.1 এর প্রয়োজনীয় বিদ্যুৎ সাশ্রয়ের চাহিদা পূরণ করবে। দীর্ঘমেয়াদী ক্ষেত্রের সুবিধার মধ্যে থাকবে এনার্জি স্টার বা সমতুল হিটিং এবং কুলিং ইকুইপমেন্ট, অ্যাপ্লায়েন্স এবং লাইট ফিক্সচার; জল/পানি সংরক্ষণের প্লাম্বিং ফিক্সচার; এবং লো-বা নো-VOC পেইন্ট, প্রাইমার, অ্যাডহেসিভ এবং সিল্যান্ট।

আবাসিকদের জন্য অতিরিক্ত সুবিধাসমূহের মধ্যে থাকবে কিচেন সহ একটি কমিউনিটি রুম, লন্ড্রির সুবিধা, একটি মেইল/প্যাকেজ রুম এবং একটি জিম এরিয়া। আউটডোরের সুবিধাগুলির মধ্যে থাকবে গাজেবো, পাশিও এবং খেলার মাঠ।

ডমিনিক হলো অ্যাপার্টমেন্টের স্টেট ফিনান্সিংয়ের মধ্যে ফেডারেল লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট থাকবে, যা ইকুইটি হিসাবে $11.5 মিলিয়ন তৈরি করবে এবং সাবসিডি হিসাবে $4.6 মিলিয়ন তৈরি করবে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কাছ থেকে। $3.9 মিলিয়ন এবং $106,500 প্রোগ্রাম ডেভেলপমেন্ট গ্রান্টের ব্যাঙ্ক লোনের কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশনে OMH ঋণ পরিষেবা প্রদান করছে। NYSERDA সহায়তা হিসাবে $56,000 প্রদান করবে। ফিনান্সিং নির্মাণে JP Morgan Chase $9.6 মিলিয়ন প্রদান করেছে এবং Richman Group হল ট্যাক্স ক্রেডিট সিন্ডিকেটর।

ডমিনিক হলো অ্যাপার্টমেন্ট হল স্টেটের অভাবনীয় $20 বিলিয়ন, পাঁচ বছরের হাউজিং প্ল্যান, যাতে হাউজিংকে আরও অ্যাক্সেসিবল করা যায় এবং সহায়তামূলক পরিষেবা সহ 100,000টি সাশ্রয়ী বাড়ি এবং 6,000টি বাড়ি সংরক্ষণ বা নির্মাণের মাধ্যমে গৃহহীনতার মোকাবিলা করা যায়। 2011 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের তরফ থেকে ক্যাপিটাল অঞ্চলে $490 মিলিয়নেরও বেশি বিনিয়োগ করা হয়েছে, যা 5,500টিরও বেশি সাশ্রয়ী বাড়ি তৈরি করেছে।

**HCR কমিশনার রুথআননে ভিসনাউস্কাস বলেছেন,** "ডমিনিক হলো অ্যাপার্টমেন্টে আমাদের $21 মিলিয়ন বিনিয়োগ সেই রকমের উচ্চমানের সাশ্রয়ী হাউজিং উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ মডেল, যা নিউ ইয়র্ককে বসবাসের জন্য আরও ভালো এবং সাম্যতাযুক্ত একটি জায়গা হিসাবে গড়ে তুলবে। দীর্ঘমেয়াদী ফিচার এবং ফ্রি ব্রডব্যান্ড অ্যাক্সেসের মাধ্যমে আমরা আবাসিকদের জন্য খরচ কম করতে পারি এবং ডিজিটাল বৈষম্য হ্রাস করতে পারি, যা প্রায়শই স্বল্প রোজগারী নিউ ইয়র্কারদের ওপর প্রভাব ফেলে।"

**OMH কমিশনার ড. আনন সুলিভান বলেন,** "ডমিনিক হলো অ্যাপার্টমেন্টের মাধ্যমে সহায়তামূলক পরিষেবা সহ সুন্দর বাড়ি প্রদান করা হবে, যাতে মানসিক সমস্যায় ভোগা লোকজন সম্পূর্ণ স্বচ্ছন্দ্যে বসবাস করতে পারবেন। সহায়তামূলক হাউজিংয়ের মধ্যে লোকজন নিজেদের কমিউনিটিতে, পরিবার এবং বন্ধুবান্ধবদের কাছে নিরাপদে বসবাস করতে পারবেন এবং কমিউনিটিতে সক্রিয়ভাবে যোগদান দিতে পারবেন। আমাদের সহ নিউ ইয়র্কবাসীদের

নিরাপদ, স্থিতিশীল হাউজিং প্রদান করতে HCR, NYSERDA এবং RISE হাউজিং ও সাপোর্ট সার্ভিসে আমাদের সহকর্মীদের কাছে OMH হল গর্বিত পার্টনার।"

**ডোরিন এম. হ্যারিস, NYSERDA এর CEO** এবং **প্রেসিডেন্ট বলেন,** "ডমিনিক হলো অ্যাপার্টমেন্টের মাধ্যমে সারাতোগা কাউন্টিতে স্বল্প-রোজগারী আবাসিকদেরকে স্বাস্থ্যকর, সহায়তামূলক এবং সাশ্রয়ী হাউজিং প্রদান করবে, যা বিদ্যুৎ সাশ্রয়ী অ্যাপ্লায়েন্স এবং উন্নত বিল্ডিং মেটিরিয়ালের সংস্থান করবে। এই রকম প্রোজেক্টের মাধ্যমে সেই সমস্ত নতুন নির্মাণ প্রদর্শন করা হয়, যা জলবায়ু পরিবর্তনে আমাদের লড়াইয়ে সাহায্য করবে, এর পাশাপাশি সাশ্রয়ী মূল্য নিশ্চিত করবে যে সমস্ত নিউ ইয়র্কার যেন অ্যাক্সেস পায় এবং এটি বাস্তবায়িত হচ্ছে দেখে আমরা খুবই খুশি।"

**সিবিল নিউওয়েল, RISE এর এগজিকিউটিভ ডিরেক্টর বলেন**, "1978 সাল থেকে একটি অ্যাক্টিভ কমিউনিটি পার্টনার হিসাবে ডমিনিক হলো অ্যাপার্টমেন্ট প্রোজেক্টের মাধ্যমে আমাদের প্রতিবেশী এলাকার হাউজিং সংক্রান্ত চাহিদা পূরণ করার জন্য RISE গর্বিত। এই 60টি নতুন ইউনিটের মাধ্যমে সারাতোগা কাউন্টিতে সাশ্রয়ী হাউজিং গ্যাপ পূরণ করার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ, পাশাপাশি যারা মানসিক সমস্যায় ভুগছেন, মাদকাসক্ত এবং জীবনে অন্যান্য সমস্যা আছে, তারা হাউজিং এবং সহায়তামূলক পরিষেবার মাধ্যমে কমিউনিটিতে নিশ্চিন্তে জীবনযাপন করতে পারেন।

**মাইক নিউম্যান, ডিরেক্টর অব প্রোগ্রাম ডেভেলপমেন্ট, CSD হাউজিং বলেন,** "রাইজ একটি অসাধারণ ডেভেলপমেন্ট টিম তৈরি করেছে এবং RISE টিমের অংশ হতে পেরে CSD হাউজিং গর্বিত। সারাতোগা কাউন্টিতে দীর্ঘমেয়াদী সম্পত্তির মালিক এবং পরিষেবা প্রদানকারী হিসাবে RISE এর ডমিনিক হলো প্রোজেক্টের মাধ্যমে কাউন্টির সেই সমস্ত আবাসিকদের জন্য সুযোগ বর্ধিত করা হবে, যারা রোজগার সংক্রান্ত চ্যালেঞ্জের মুখে পড়েছেন। CSD কেবলমাত্র ডমিনিক হলো প্রোজেক্ট সম্পূর্ণ করতে RISE এর সাথে কাজ করাই নয়, তবে ভবিষ্যতের হাউজিং উন্নয়ন সংক্রান্ত উদ্যোগেও গুরুত্ব দেওয়া হয়।

**সেনেটর জিম টেডিস্কো বলেন,** "স্টেটের মানসিক স্বাস্থ্য বিষয়ক কমিটির একজন রাঙ্কিং সদস্য হিসাবে আমি জানি সহায়তামূলক হাউজিং পরিষেবার গুরুত্ব কতটা, যা ডমিনিক হলো অ্যাপার্টমেন্টের আবাসিকদের ক্ষমতা প্রদান এবং ভালোভাবে জীবনযাপনের জন্য উপলভ্য হবে, এটি তাদের প্রয়োজন এবং জীবনকে উন্নত করবে।"

**অ্যাসেম্বলিউম্যান ম্যারি বেথ ওয়েলশ বলেন,** "নিশ্চিত করা হচ্ছে যে আমাদের কমিউনিটির সদস্যদের সাশ্রয়ী হাউজিংয়ে অ্যাক্সেস আছে, বিশেষ করে যারা জীবনে নানা প্রতিকূলতার মধ্যে রয়েছেন। ডমিনিক হলো অ্যাপার্টমেন্ট, যা বলস্টোন স্পা গ্রামের বাইরে অবস্থিত, তা সাধারণ কমিউনিটির জন্য সহায়তামূলক হাউজিং হিসাবে 18টি ইউনিট, ট্রানজিশনার অ্যাপার্টমেন্ট হিসাবে 12টি এবং নির্ধারিত 30টি সাশ্রয়ী হাউজিং প্রদান করবে – যার মানে পরিবার বা লোকজনের জন্য 60টি বাড়ি, যা কোনও প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হয়েছেন। RISE পরিষেবাকে এই কার্যকরী প্রোজেক্টের জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য শুভেচ্ছা জানাই।"

**বলস্টোন শহরের সুপারভাইজর এরিক কনেলি বলেন,** "অত্যন্ত প্রয়োজনীয় এবং ইতিবাচক এই প্রোজেক্টের মাধ্যমে সবার জীবনে উন্নতি দেখার জন্য আমি অপেক্ষা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418